

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১১৯৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৮০]

৫। মাসজিদ ও সালাতের স্থানসমূহ (كتاب المساجد ومواضع الصلاة)

পরিচ্ছেদঃ ২১. সালাতে উপবিষ্ট হওয়া ও উরুদ্বয়ের উপর দু'হাত স্থাপন করার নিয়ম পদ্ধতি

باب صِفَةِ الْجُلُوسِ فِي الصَّلاَةِ وَكَيْفِيَّةِ وَضْعِ الْيَدَيْنِ عَلَى الْفَخِذَيْنِ

আরবী

وَحَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا يُونُسُ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ أَيُّوبَ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ إِذَا قَعَدَ فِي التَّشَهُّدِ وَضَعَ يَدَهُ الْيُمْنَى عَلَى رُكْبَتِهِ الْيُمْنَى وَعَقَدَ ثَلاَثَةً وَخَمْسِينَ وَأَشَارَ بالسَّبَّابَةِ .

বাংলা

১১৯৭-(১১৫/...) আবদ ইবনু হুমায়দ (রহঃ) আবদুল্লাহ ইবনু উমর (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম সালাতের মধ্যে "তাশাহহুদ' পড়তে যখন বসতেন তখন বাঁ হাতটি বা হাঁটুর উপর এবং ডান হাঁটুর উপর রাখতেন। আর (হাতের তালু ও আঙ্গুলসমূহ গুটিয়ে আরবী) তিপ্পান্ন সংখ্যার মতো করে শাহাদাত আঙ্গুল দ্বারা ইশারা করতেন*। (ইসলামী ফাউন্ডেশন ১১৮৬, ইসলামীক সেন্টার ১১৯৮)

English

Another version on the authority of Ibn Umar says:

When the Messenger of Allah () sat for tashahhud, he placed his left hand on his left knee and placed his right hand on his right knee, and he formed a ring like (fifty-three) and pointed with his finger of attestation.

ফুটনোট

* হাদীসের তিপ্পান্ন সংখ্যার উদ্দেশ্য বর্ণনায় 'আবদুল হাক মুহাদ্দিস দেহলভী (রহঃ) বলেন, তার পদ্ধতি হ'লঃ ডান হাতের মধ্যম, অনামিকা ও শেষের কনিষ্ঠাগুলি- এ তিনটি মুষ্টিবদ্ধ করা হবে, অতঃপর শাহাদাত অঙ্গুলি (তর্জনী) কে খুলে রেখে বৃদ্ধাঙ্গুলি দ্বারা শাহাদাত অঙ্গুলির মাঝ বরাবর ধরা হবে। এ চিত্রটা দেখতে আরবী তিপ্পান্ন (৫৩)-



এর মতো হয়। (শারহে মুসলিম- ২১৬ পৃষ্ঠা, পার্শটিকা-২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন